



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথী নং-১৮/মাধ্যঃ/সনদ/২০১৫/ ৭২১

তারিখঃ ২৭/০১/২০২১

বিষয়ঃ ২০১৯ সালের জে এস সি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৯ সালের জে এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ৩১/০১/২০২১ ইং তারিখ হতে ০৪/০২/২০২১ইং পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ৪ নং ভবনের ০৬ তলা (লিফটের-৫)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	ফরিদপুর, নারায়নগঞ্জ, কিশোরগঞ্জ	৩১/০১/২০২১
০২।	রাজবাড়ী, নরসিংদী, ঢাকা জেলা	০১/০২/২০২১
০৩।	গোপালগঞ্জ, টাংগাইল, মুন্সিগঞ্জ	০২/০২/২০২১
০৪।	গাজীপুর, মানিকগঞ্জ, মাদারীপুর	০৩/০২/২০২১
০৫।	ঢাকা মহানগর, শরীয়তপুর	০৪/০২/২০২১

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অথাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির /গভর্নিং বডির সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না। প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্নে স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন নং-৯৬৬৯৮১৫

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।


২৭.১.২০২১

মোঃ হেলাল উদ্দিন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(সনদ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।